



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়

www.iau.edu.bd iau.exam@gmail.com

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং-ইআবি/পনি./কা.মা-১/২০১৯/ ৬৬৬

তারিখ: ১০/০৫/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০২৪ এর মৌখিক পরীক্ষা সংক্রান্ত

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরিচালিত কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০২৪ এর মৌখিক পরীক্ষা আগামী ২৪/০৫/২০২৬ খ্রি. তারিখ থেকে শুরু হবে। মৌখিক পরীক্ষা গ্রহণ করার জন্য মনোনীত পরীক্ষকগণের নিয়োগপত্র সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ঠিকানায় প্রেরণ করা হবে। পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে মনোনীত পরীক্ষকগণের সাথে যোগাযোগ করে আগামী ১৩/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে মৌখিক পরীক্ষা সম্পন্ন করার জন্য বলা হলো।

নির্দেশিকা:

১. পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মৌখিক পরীক্ষার নম্বর তৎক্ষণাৎ অনলাইনের মাধ্যমে ইনপুট দেয়ার ব্যবস্থা গ্রহণ করবেন। সফটওয়্যার থেকে প্রাপ্ত প্রিন্ট কপিতে পরীক্ষকগণের স্বাক্ষর ও সীলমোহর গ্রহণপূর্বক সংরক্ষণ করবেন এবং এক কপি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করবেন।
২. মৌখিক পরীক্ষার নম্বর ওয়েবসাইটের মাধ্যমে সফটওয়্যারে ইনপুট দেয়ার নিয়মাবলী-
 - বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট center.iau.edu.bd এ প্রবেশ করবেন।
 - প্রবেশ করার পর অবশ্যই “তথ্য লিপিবদ্ধকরণের নির্দেশিকা” বাটন এ ক্লিক করবেন এবং নির্দেশিকা অনুসরণ করবেন।
 - Login করার জন্য প্রত্যেক কেন্দ্র তার নিজস্ব মাদরাসার EIIN ও Password ব্যবহার করবেন।
 - লিপিবদ্ধ করা শেষ হলে Final Lock বাটনে ক্লিক করে Print করবেন।


২০১৯/০৫/২৬


প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম
উপ-উপাচার্য ও পরীক্ষা নিয়ন্ত্রক (অ.দা.)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা

স্মারক নং-ইআবি/পনি./কা.মা-১/২০১৯/৬৬৬ তারিখ: ১০/০৫/২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ :

১. রেজিস্ট্রার, ইআবি, ঢাকা
২. পরিচালক, অর্থ ও হিসাব, ইআবি, ঢাকা
৩. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলরমহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা
৪. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা কেন্দ্র-২০২৪
৫. আই.সি.টি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য) ইআবি, ঢাকা
৬. অফিস কপি


10-05-26

জাকিয়া খাতুন

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা

০১৯১৭-৩৬৪৯৫৮

